উপজেলা প্রকৌশল অফিস (এলজিইডি):

সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান জানান যে, উপজেলা পরিষদের কমপ্লেক্স ভবন এবং হলরুম হস্তান্তর সম্পন্ন করা হয়েছে। নতুন ভবনে অফিস স্থানান্তর প্রক্রিয়া চলমান এবং এর জন্য কিছু নতুন অফিস সরঞ্জাম ক্রয় করা প্রয়োজন। এছাড়া উপজেলা পরিষদের বিভিন্ন জায়গায় অন্ধকার থাকায় নানা ধরনের অপ্রীতিকর ঘটনা ঘটার সম্ভবনা থাকে বিধায় এজন্য কিছু সোলার প্যানেল স্থাপন করা প্রয়োজন। এছাড়া উপজেলা পরিষদের বিভিন্ন জায়গায় ময়লা আবর্জনার স্তুপ হয়ে আছে যা অতিসত্ত্বর পরিষ্কার করা প্রয়োজন। উপজেলা পরিষদ ইউজিডিপি প্রকল্প হতে বিগত ২টি অর্থ বছরে বিভিন্ন উন্নয়ন মূলক কাজ করেছে যা প্রকাশনা করা প্রয়োজন। এছাড়া দীর্ঘদিন থেকে পানির পাম্প নষ্ট অবস্থায় পড়ে থাকায় জরুরীভাবে তা মেরামত করা প্রয়োজন। এমতাবস্থায়, নিম্নবর্ণিত প্রকল্পগুলি উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার করে নিম্নলিখিতভাবে প্রকল্প কমিটি ও কোটেশনের মাধ্যমে বাস্তবায়ন করা প্রয়োজন।

**প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা পরিষদের অফিস সরঞ্জামাদি ক্রয় | | | |
| | ১। মোঃ মাহাবুল হক খন্দকার | ইউপি সদস্য (বড়ভিটা) | সভাপতি | প্রাক্কলিত মূল্য- ২০০০০০/- |
| | ২। মোঃ রুহুল আমিন | গণ্যমান্য | সদস্য সচিব | |
| | ৩। মোঃ এনামুল হক | শিক্ষক | সদস্য | |
| | ৪। মোঃ মোশারফ আলী | ঈমাম | সদস্য | |
| | ৫। মোঃ সাহেব আলী | মুক্তিযোদ্ধা | সদস্য | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | বর্জ্য ব্যবস্থাপনা, ইউজিডিপি'র উন্নয়ন মূলক কাজের প্রকাশানা করণ। | | | |
| | ১। শ্রী মাখন চন্দ্র | ইউপি সদস্য (ফুলবাড়ী) | সভাপতি | প্রাক্কলিত মূল্য- ২০০০০০/- |
| | ২। শ্রী কানাই সেন | গণ্যমান্য | সদস্য সচিব | |
| | ৩। শ্রী ভারত চন্দ্র | শিক্ষক | সদস্য | |
| | ৪। মোঃ আমিনুল ইসলাম | ঈমাম | সদস্য | |
| | ৫। মোঃ জাইদুল হক | মুক্তিযোদ্ধা | সদস্য | |
| ৩ | উপজেলা পরিষদের অভ্যন্তরে সোলার প্যানেল স্থাপন করণ। | - | - | ৫০০০০০/- কোটেশন |

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উহা সর্বসম্মতিক্রমে গৃহিত হইল এবং উপজেলা প্রকৌশলীকে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হইল।

সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান জানান যে, প্রবল শীতের কারণে উপজেলার গরীব দুস্থ মানুষের শীত নিবারন করার জন্য কিছু কম্বল ক্রয় করে তাদের মধ্যে বিতরণ করা অত্যন্ত জরুরী হয়ে পড়েছে। যার আনুমানিক ব্যয় টাকা=১,০০,০০০/-মাত্র হতে পারে। ইহা ছাড়া নাওডাংগা ইউপির অধীন গোড়ক মন্ডপ ব্রিজের টপস্লাব অনেক জায়গায় ক্ষতিগ্রস্থ হয়েছে বিধায় ফুলবাড়ী বালারহাট হতে গোড়ক মন্ডল যাতায়াত বিঘ্ন হচ্ছে। উক্ত ব্রিজের টপস্লাব মেরামত কাজে ৪৫,০০০/- টাকার প্রয়োজন হবে বলে সভায় উপজেলা প্রকৌশলী জানান।

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উহা সর্বসম্মতিক্রমে গৃহিত হইল এবং উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে নিম্নবর্ণিত প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহিত হইল।

প্রকল্প বাস্তবায়ন কমিটি ঃ

১।মো: মাহাবুল হক খন্দকার, ইউপি সদস্য, বড়ভিটা — সভাপতি
২। মো: এনামুল হক, শিক্ষক — সদস্য
৩। মো: মোশারফ আলী, ঈমাম — সদস্য
৪। মো: সাহেব আলী, মুক্তিযোদ্ধা — সদস্য
৫। মো: রুহল আমিন, গণ্যমান্য — সদস্য-সচিব

